

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পানি সম্পদ মন্ত্রণালয়  
প্রশাসন-০১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mowr.gov.bd](http://www.mowr.gov.bd)

নম্বর-৪২.০৩১.০২২.০০.০০.০২৫.২০১৫-৫৯২

তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৩  
২৪ জুলাই ২০১৬

প্রজ্ঞাপন

মন্ত্রিসভা বৈঠকের ১৭.১১.২০১৪ তারিখের সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে পানি সম্পদ মন্ত্রণালয়ের একটি সংযুক্ত দপ্তর হিসেবে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ঘোষণা করা হলো।

০২। পানি সম্পদ মন্ত্রণালয় থেকে ১১.০৯.২০০০ তারিখে জারীকৃত পাসম:-উ:-৫/বিবিধ ১৯/২০০০/৩৮৩ বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ড গঠন সংক্রান্ত রিজলিউশনটি এতদ্বারা বাতিল করা হলো।

০৩। বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর ঘোষণা সংক্রান্ত পানি সম্পদ মন্ত্রণালয়ের ১৩.০১.২০১৬ তারিখের ৪২.০৩১.০২২.০০.০০.০২৫.২০১৫-২৭ নং প্রজ্ঞাপন বাতিল করা হলো।

০৪। বোর্ডের কর্মকর্তা ও কর্মচারীগণ এ প্রজ্ঞাপন জারির অব্যবহিত পূর্বে যে শর্তাধীনে চাকুরিতে নিয়োজিত ছিলেন, এ প্রজ্ঞাপনের বিধান অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে অধিদপ্তরের চাকুরিতে নিয়োজিত থাকবেন এবং পূর্বের নিয়মে বেতন, ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্ত হবেন।

০৫। বোর্ডের সকল সম্পদ, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ, প্রকল্প এবং অন্য সকল প্রকার দাবি ও অধিকার অধিদপ্তরের সম্পদ, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা, সম্পত্তি, অর্থ, প্রকল্প এবং দাবি অধিকার হিসেবে গণ্য হবে।

০৬। মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের উপদেষ্টা পরিষদের ০৫.০৫.২০১৬ তারিখে অনুষ্ঠিত ১ম সভায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের নেতৃত্বে গঠিত ৪ (চার) সদস্য বিশিষ্ট সচিব কমিটি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন বোর্ডকে অধিদপ্তর হিসেবে ঘোষণার সুপারিশসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক অনুমোদনের পরিপ্রেক্ষিতে এ প্রজ্ঞাপন জারি করা হলো।

০৭। জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন জারির তারিখ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে  
স্বাক্ষরিত/-  
২৪.০৭.২০১৬  
(ড. জাফর আহমেদ খান)  
সিনিয়র সচিব

নম্বর-৪২.০৩১.০২২.০০.০০.০২৫.২০১৫-৫৯২


তারিখ : ০৯ শ্রাবণ ১৪২৩  
২৪ জুলাই ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল।

১। -----

২। -----

৩। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সহকারী সচিব